# তারেক রহমানের চীন সফর পুরোপুরি সফল: চীনা রাষ্ট্রদূত




চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। ছবি: সংগৃহীত

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রথম চীন সফরকে 'সম্পূর্ণ সফল' বলে মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন।

বৃহস্পতিবার (২ জুলাই) সকালে রাজধানীর বারিধারায় চীনা দূতাবাসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন।

ইয়াও ওয়েন বলেন, তিস্তা প্রকল্পে চীনের অবস্থান আগের মতোই রয়েছে এবং নিজেদের সক্ষমতার মধ্যে থেকে এ প্রকল্পে বাংলাদেশকে সহযোগিতা অব্যাহত রাখা হবে।

তিনি জানান, আঞ্চলিক যোগাযোগ সম্প্রসারণে বাংলাদেশ ও চীন নতুন সম্ভাবনা নিয়ে কাজ করছে। এর মধ্যে দুই দেশের সরাসরি সংযোগ বৃদ্ধি এবং চীন-মিয়ানমার-বাংলাদেশ অর্থনৈতিক করিডোর উন্নয়নের বিষয়টি গুরুত্ব পাচ্ছে।

চীনা রাষ্ট্রদূত আরও বলেন, বর্তমানে বাংলাদেশ-চীন সম্পর্ক ইতিহাসের অন্যতম শক্তিশালী অবস্থানে রয়েছে। দুই দেশের শীর্ষ নেতৃত্বের মধ্যে হওয়া সমঝোতাগুলো বাস্তবায়নের মাধ্যমে ভবিষ্যতে এ সম্পর্ক আরও বিস্তৃত ও কার্যকর হবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।

LENS ASIA